

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯- ৫১৭


তারিখ: ০৪ চৈত্র ১৪২৭
২৮ মার্চ ২০২১

বিষয়: হালিমা আহসান টেকনিক্যাল বি.এম ইন্সটিটিউটে বাস্কেটবল কোর্ট স্থাপনের জন্য বরাদ্দ প্রদান সংক্রান্ত।

সূত্র: রিয়ার এ্যাডমিরাল (অব:) মো: খুরশেদ আলম, সচিব, মেরিটাইম বিষয়াবলী ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় ও সভাপতি হালিমা আহসান টেকনিক্যাল ইন্সটিটিউট, শ্রীবরদী, শেরপুর এর ডিও নং পম/এমএইউ/১৫৩/২০২১; তারিখ: ১৬/০৩/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে রিয়ার এ্যাডমিরাল (অব:) মো: খুরশেদ আলম, সচিব, মেরিটাইম বিষয়াবলী ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় ও সভাপতি হালিমা আহসান টেকনিক্যাল ইন্সটিটিউট, শ্রীবরদী, শেরপুর হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত বিষয়ে একটি প্রকল্প গ্রহণপূর্বক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ পাতা।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
E-mail: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, শেরপুর।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। রিয়ার এ্যাডমিরাল (অব:) মো: খুরশেদ আলম, সচিব, মেরিটাইম বিষয়াবলী ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় ও সভাপতি হালিমা আহসান টেকনিক্যাল ইন্সটিটিউট, শ্রীবরদী, শেরপুর।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, শেরপুর।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



ডি.ও. লেটার নং- পম/এমএইউ/১৫৩/২০২১

অতিরিক্ত সচিব (প্রশাসন)

১৬.০৩.২০২১

বরাবর
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CEO, জেবদুর্
বরাবর, জেবদু
দেব এট এ জেব এ জে
দেব এট এ জেব এ জে
১৬/৩/২০২১

বিষয়: হালিমা আহসান টেকনিক্যাল বি.এম. ইন্সটিটিউটে বাল্কেটবল কোর্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রসঙ্গে।

উল্লেখ্য যে, শ্রীবরদী উপজেলায় ১৭টি ইউনিয়নে মোট জনসংখ্যা প্রায় ২ লাখ ৩০ হাজার। এই বিশাল এলাকায় কারখানায় যেমন অনগ্রসর, তেমনি শিক্ষার ক্ষেত্রেও মোটামুটিভাবে পিছিয়ে রয়েছে। উন্নতমানের কোনো ভোকেশনাল স্কুল না থাকায় গারো পাহাড় অঞ্চলসহ সমতলের বিরাট অংশ উচ্চতর ব্যবহারিক শিক্ষা ও এবং চাকরির ন্যায্য অধিকার থেকে দীর্ঘদিন বঞ্চিত হয়ে আসছে। যার ফলে, এ এলাকার বিশাল জনগোষ্ঠী একদিকে যেমন শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে, অন্যদিকে বেকারত্ব সমস্যার কলেবর দিন দিন বৃদ্ধি পাচ্ছে। হাঁসধরা গ্রাম থেকে বাংলাদেশের সীমানার অভ্যন্তরে গারো পাহাড়ের প্রায় ১২ কিলোমিটার বিস্তৃত এলাকায় অন্য কোনো উন্নত মানের শিক্ষা প্রতিষ্ঠান নেই। শিক্ষা-শিল্পে পিছিয়ে পড়া অনুন্নত দরিদ্র এ এলাকার বেকার সমস্যা দূর করার স্বার্থে বাস্তবমুখী ভোকেশনাল শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষকর্মী সৃষ্টি করার পাশাপাশি উচ্চ শিক্ষার পথ উন্মুক্ত রেখে কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ সৃষ্টি করা, স্ব-উদ্যোগে কর্মসংস্থান সৃষ্টি এবং ক্ষুদ্র ব্যবসা পরিচালনার মাধ্যমে তাদের ভাগ্যোন্নয়নের দ্বার উন্মোচনের অভিপ্রায় ও দৃঢ় প্রত্যয় নিয়ে হালিমা আহসান টেকনিক্যাল ইন্সটিটিউট এর শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বর্তমানে ইন্সটিটিউট তার সীমিত সম্পদ ব্যবহার করে স্বীয় প্রচেষ্টায় নিজস্ব অর্থায়নে প্রতিষ্ঠানের জন্য শিক্ষার উপকরণের ব্যবস্থা করছে ও অন্যান্য খরচ সভাপতি ব্যক্তিগতভাবে বহন করে আসছেন। কিন্তু নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ৪৫০ জন শিক্ষার্থীর পর্যাপ্ত খেলাধুলার উপকরণ না থাকায় তারা চিত্তবিনোদন ও শরীর চর্চা থেকে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় অত্র ইন্সটিটিউটে ৯০ ফিট X ৪৫ ফিট একটি বাল্কেটবল কোর্ট স্থাপনের প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভূত হচ্ছে। কিন্তু এ জন্য পর্যাপ্ত তহবিল ইন্সটিটিউটে নেই।

এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয় হতে অত্র ইন্সটিটিউটে বাল্কেটবল কোর্ট স্থাপনের জন্য তিন লক্ষ টাকা বরাদ্দ প্রদান করলে গারো পাহাড়ের পাদদেশে শিক্ষায় অনুন্নত এলাকাসী এবং বিশেষ করে ইন্সটিটিউটের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক এবং পরিচালকমণ্ডলী বিশেষভাবে উপকৃত হবে।

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পান)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা

স্বাক্ষর নম্বর:
তারিখ: ১৬/৩/২০২১

(রিয়ার এ্যাডমিরাল (অব:) মো: খুরশেদ আলম)
সচিব, মেরিটাইম বিষয়াবলী ইউনিট
পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা ও
সভাপতি

হালিমা আহসান টেকনিক্যাল ইন্সটিটিউট,
গ্রাম: হাঁসধরা, পোস্ট অফিস: ভায়াডাঙ্গা,
উপজেলা: শ্রীবরদী, জেলা: শেরপুর